AUSTRALIAN COMPETITION & CONSUMER COMMISSION

শিশুদের নাইটওয়্যার

এই বাধ্যতামূলক মানদণ্ডে শিশুদের নাইটওয়্যারের নিরাপত্তা পরীক্ষা ও লেবেলিং এবং শিশুদের নাইটওয়্যার তৈরির ক্ষেত্রে পেপার প্যাটার্নের জন্য শর্তাবলি সম্পর্কে নির্দেশনা দেয়া হয়েছে।

এই মানদণ্ড সম্পর্কে তথ্য

শিশুদের যেসব নাইটওয়্যারে (ভিন্ন কিছুর উল্লেখ না থাকলে 00–14 সাইজের) নিচের আইটেমগুলো অন্তর্ভুক্ত রয়েছে সেগুলোর ক্ষেত্রে এই বাধ্যতামূলক মানদণ্ড প্রযোজ্য হবে:

- পাজামা (টপ ও বটম একসাথে কিংবা আলাদা আলাদাভাবে নাইটওয়্যার হিসেবে বিক্রি করা হলে)
- 3 – 14 সাইজের অল-ইন-ওয়ান বয়নকৃত (knitted) নাইটওয়্যার
- 00 – 14 সাইজের অল-ইন-ওয়ান তাঁতের (woven) নাইটওয়্যার
- বুটিদার বস্ত্রের তৈরি অথবা বুটিদার বস্ত্র সহযোগে তৈরি 00–2 সাইজের আওতাভুক্ত মূলত বয়নকৃত (knitted) অল-ইন-ওয়ান পোশাকসমূহ
- নাইটওয়্যার ও নাইটি
- নাইটশার্ট
- ড্রেসিং গাউন
- বাথরোব
- সাধারণভাবে নাইটওয়্যার হিসেবে ব্যবহৃত ঢিলেঢালা ধরনের বক্সার শর্টস
- হাতাসহ বা হাত খোলা রাখার ফুটোসহ নবজাতকের স্লিপ ব্যাগ
- হাতাসহ বা হাত খোলা রাখার ফুটোসহ কম্বল বা তোয়ালে

এই বাধ্যতামূলক মানদণ্ডের মধ্যে শিশুদের নাইটওয়্যার তৈরির পেপার প্যাটার্নও অন্তর্ভুক্ত রয়েছে। এই বাধ্যতামূলক মানদণ্ডে শিশুদের নাইটওয়্যারের নিরাপত্তা পরীক্ষা ও লেবেলিং এবং শিশুদের নাইটওয়্যার তৈরির ক্ষেত্রে পেপার প্যাটার্নের জন্য শর্তাবলি সম্পর্কে নির্দেশনা দেয়া হয়েছে।

ব্যতিক্রমসমূহ

নিচে উল্লিখিত ধরনের পোশাকগুলো এই বাধ্যতামূলক মানদণ্ডের আওতাভুক্ত নয়:

- বুটিদার বস্ত্রের তৈরি নয় অথবা বুটিদার বস্ত্র সহযোগে তৈরি নয় এমন 2 সাইজের সহ এই সাইজ পর্যন্ত বয়নকৃত (knitted) অল-ইন-ওয়ান পোশাকসমূহ
- দিনের বেলায় পরিধানের জন্য তাঁতে তৈরি (woven) অল-ইন-ওয়ান পোশাকসমূহ
- সাধারণত অন্তর্বাস হিসাবে পরিধেয় বয়নকৃত (knitted) আঁটসাঁট ট্রাংক বা বক্সার শর্টস

- নাইটওয়্যার হিসেবে বিক্রিত না হলে এবং কোনো নাইটওয়্যার সেটের আবশ্যিক উপাদান না হয়ে থাকলে, টি-শার্ট, সিংলেট, ট্র্যাক টপ ও অনুরূপ পোশাকসমূহ
- হাতা বা হাত খোলা রাখার ফুটোবিহীন তোয়ালে ও কম্বল
- মস্তকাবরণী, জুতা ও হ্যান্ড-ওয়্যার
- হাতা বা হাত খোলা রাখার ফুটোবিহীন নবজাতকের স্লিপ ব্যাগ
- সাধারণভাবে ক্যাম্পিংয়ের জন্য ব্যবহৃত সকল সাইজের স্লিপিং ব্যাগ
- বেবি র‍্যাপ ও সোয়াডেল
- খুলে ফেলা যায় এমন ক্যাপ, হুড, উইং, টুট ও অনুরূপ কস্টিউম অ্যাক্সেসরিজ

বাধ্যতামূলক মানদণ্ড

কনজ্যুমার গুডস (শিশুদের নাইটওয়্যার ও সীমিত ডেওয়্যার এবং শিশুদের নাইট ওয়্যারের পেপার প্যাটার্নসমূহ) সেফটি স্ট্যান্ডার্ড 2017 -এ শিশুদের নাইটওয়্যারের ক্ষেত্রে বাধ্যতামূলক শর্তসমূহ নির্ধারণ করা হয়েছে।

এই বাধ্যতামূলক মানদণ্ড অস্ট্রেলিয়ান ও নিউজিল্যান্ড স্ট্যান্ডার্ড, AS/NZS 1249:2014, অগ্নি দুর্ঘটনার ক্ষেত্রে কম ঝুঁকিপূর্ণ নাইটওয়্যার এবং সীমিত ডেওয়্যার সংক্রান্ত ঐচ্ছিক মানদণ্ডের ভিত্তিতে প্রণীত হয়েছে। SAI Global থেকে AS/NZS 1249:2014 পাওয়া যাবে।

প্রধান শর্তসমূহ

এই শর্তগুলোতে বাধ্যতামূলক মানদণ্ড সম্পর্কে একটি সারসংক্ষেপ প্রদানের চেষ্টা করা হয়েছে। সরবরাহকারীরা মেনে চলার জন্য একটি পূর্ণাঙ্গ নির্দেশিকা হিসেবে এটির উপর অবশ্যই নির্ভর করবেন না।

নিরাপত্তার শ্রেণিবিভাগ

শিশুদের জন্য নাইটওয়্যারকে (এবং কিছু ডেওয়্যারকে) পোশাক বা কাপড়ের ধরন অনুযায়ী চারটি শ্রেণির একটি হিসেবে শ্রেণিভুক্ত করা হয়েছে।

কিছু কিছু পোশাক এতটাই দাহ্য যে সেগুলো চারটি শ্রেণির কোনোটিতেই পড়ে না, তাই সেগুলোকে লেবেলযুক্ত করা যাবে না এবং সেগুলো কোনোভাবেই বিক্রি করা যাবে না।

লেবেলিং

প্রত্যেক শ্রেণির জন্য লেবেল লাগানো আবশ্যক। 1-3 নম্বর শ্রেণিকে কম অগ্নি দুর্ঘটনাপ্রবণ হিসেবে লেবেলযুক্ত করতে হবে এবং 4 নম্বর শ্রেণিকে উচ্চ অগ্নি দুর্ঘটনাপ্রবণ হিসেবে ওয়ার্নিং লেবেল যুক্ত করতে হবে।

কম অগ্নি দুর্ঘটনাপ্রবণতার লেবেল



উচ্চ অগ্নি দুর্ঘটনাপ্রবণতার লেবেল

শ্রেণি 1

স্বল্প দাহ্যতার পরীক্ষায় উত্তীর্ণ কাপড় ও কারুকার্য দিয়ে তৈরি পোশাকসমূহ। উদাহরণের মধ্যে রয়েছে উল, কিছু সিন্থেটিক কাপড় ও কিছু মোটা কটন।

শ্রেণি 2

পাজামার মতো আঁটসাঁট পোশাকগুলোতে তাৎক্ষণিকভাবে আগুন ধরে না বা পুড়ে যায় না। ফলে, সেগুলো অপেক্ষাকৃত বেশি দাহ্য কাপড় দিয়ে তৈরি করা যেতে পারে। সাইজ অনুযায়ী পোষাকের পরিমাপ প্রযোজ্য হবে।

শ্রেণি 3

বাচ্চাদের অল-ইন-ওয়ান পোশাকগুলো ভিন্ন একটি শ্রেণিতে পড়ে কারণ সেগুলোর ক্ষেত্রে ডেওয়্যার ও নাইটওয়্যারের মধ্যে সামান্যই পার্থক্য থাকে। 00-2 সাইজের অল-ইন-ওয়ান পোশাকগুলো এই শ্রেণিতে পড়ে, যেমন জাম্পস্যুট ও রম্পার। মূলত বয়নকৃত (knitted) কাপড় থেকে তৈরি পোষাকের ক্ষেত্রে এবং যেখানে পোষাকের আঁটসাঁট অংশ পোশাকটির সমগ্র বহরের ৪0% বা তারচেয়ে বেশি হয়, সেখানে এটি প্রযোজ্য হয়ে থাকে।

শ্রেণি 4

10/05/2019

https://www.productsafety.gov.au/standards/nightwear-for-children

1, 2 বা 3 নম্বরে শ্রেণিতে পড়ে না, কিন্তু তারপরেও কাপড়, সাইজ ও দাহ্যতা পরীক্ষার কিছু শর্ত পূরণ করে এমন পোশাকসমূহের ক্ষেত্রে প্রযোজ্য।

পরীক্ষা

শিশুদের নাইটওয়্যারগুলো যাতে আগুনের ঝুঁকি সংক্রান্ত শর্তসমূহ পূরণ করে তা নিশ্চিত করতে বাধ্যতামূলক মানদণ্ডে কিছু পরীক্ষা নির্ধারণ করা হয়েছে। সরবরাহকারীদেরকে বিশেষজ্ঞ ল্যাবরেটরিগুলোর মাধ্যমে এই পরীক্ষার ব্যবস্থা করতে হবে।

পরীক্ষার শর্তসমূহের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- **কাপড়ের ধরন:** আগুনের ঝুঁকির শ্রেণি সঠিকভাবে নির্ধারণের জন্য শিশুদের নাইটওয়্যার পোশাক তৈরিতে ব্যবহৃত কাপড়ের ধরন পরীক্ষা করার প্রয়োজন হতে পারে।
- **কাপড়ের কারুকার্য:** কাপড়ের কারুকার্যগুলোকে আগুনের ঝুঁকির বিভিন্ন শ্রেণির আওতায় সুনির্দিষ্ট কিছু শর্ত পূরণ করতে হবে।

পেপার প্যাটার্নের ক্ষেত্রে নিরাপত্তার চিহ্ন

লেবেলিং

কিছু কিছু কাপড়ের ও নাইটওয়্যারের ধরনের দাহ্যতা সম্পর্কে পেপার প্যাটার্নের খামে পরিষ্কার ও সুস্পষ্টভাবে সতর্কবার্তা লেখা থাকতে হবে।

মানদণ্ডে লেবেলের টাইপফেসের জন্য মোটা হরফে, বড় হাতের অক্ষরে 'FIRE WARNING' শব্দগুলোসহ স্পেসিফিকেশন নির্ধারণ করা আছে।

অন্তবর্তীকালীন সময়ে বাধ্যতামূলক মানদণ্ড মেনে চলা

নতুন বাধ্যতামূলক মানদণ্ডে উন্নীত করতে সহায়তা করার জন্য এই বাধ্যতামূলক মানদণ্ডে বর্তমানে একটি অন্তবর্তীকালীন সময় যুক্ত করা হয়েছে।

2019 সালের 31 ডিসেম্বর পর্যন্ত, সরবরাহকারীরা কনজ্যুমার গুডস (শিশুদের নাইটওয়্যার ও সীমিত ডেওয়্যার এবং শিশুদের নাইট ওয়্যারের পেপার প্যাটার্নসমূহ) সেফটি স্ট্যান্ডার্ড 2017 অথবা ট্রেড প্র্যাক্টিসেস (কনজ্যুমার প্রোডাক্ট সেফটি স্ট্যান্ডার্ডস (শিশুদের নাইটওয়্যার এবং শিশুদের নাইট ওয়্যারের পেপার প্যাটার্নসমূহ) বিধিমালা 2007 -এর মধ্যে যেকোনো একটির শর্তসমূহ মেনে চলার সুযোগ পাবেন।

2020 সালের 1 জানুয়ারি থেকে সরবরাহকারীদেরকে শিশুদের নাইটওয়্যারের ক্ষেত্রে অবশ্যই শুধুমাত্র কনজ্যুমার গুডস (শিশুদের নাইটওয়্যার ও সীমিত ডেওয়্যার এবং শিশুদের নাইট ওয়্যারের পেপার প্যাটার্নসমূহ) সেফটি স্ট্যান্ডার্ড 2017-এ নির্ধারিত শর্তসমূহ মেনে চলতে হবে।

ফেডারেল রেজিস্টার অব লেজিসলেশন ওয়েবসাইটের ব্যাখ্যামূলক বিবৃতি থেকে আরো তথ্য পাওয়া যাবে।

আমি...

- ইমেইল আপডেট পেতে চাই
- নিউজলেটারের গ্রাহক হতে চাই
- অনিরাপদ পণ্য সম্পর্কে রিপোর্ট করুন